

আপনার অবগতির জন্য

কৃষি শ্রমিকদের বেকারত্ব ভাতা

কে কৃষি বেকারত্ব ভাতা পাওয়ার যোগ্য?

প্রত্যেক কৃষি শ্রমিক যিনি আইনগতভাবে নিয়োগপ্রাপ্ত এবং ন্যূনতম ২ বছরের চাকরির অভিজ্ঞতা ও আবেদনের আগের বছরে ১০২ দিন কাজ করেছেন।

কৃষি বেকারত্ব ভাতায় আপনি কত পরিমাণ অর্থসাহায্য পাবেন?

এটি আপনার বেতনের প্রায় ৪০% হবে। এই পরিমাণটি আপনার আগের বছরের কাজের দিনের উপর ভিত্তি করে গণনা করা হয়।

কৃষি বেকারত্ব ভাতা আবেদনের শেষ তারিখ কখন?

প্রতি বছর জানুয়ারি থেকে সর্বোচ্চ ৩১শে মার্চের মধ্যে আবেদন জমা দিতে হবে।

অসুস্থতা ও মাতৃত্ব

National Social Insurance Institute - INPS অসুস্থতা ও মাতৃত্ব ভাতা প্রদান করে। স্থায়ী কর্মীদের ক্ষেত্রে এই ভাতা সরাসরি বেতনের সাপেক্ষে প্রদান করা হয়, আর চুক্তিভিত্তিক কর্মীদের জন্য এটি প্রদান করে National Social Insurance Institute (এক্ষেত্রে মৌলিক চাহিদা হল ন্যূনতম ৫১ কর্মদিবস)।

ভবিষ্যতে পেনশন ও অন্যান্য সুবিধা (কৃষি খাতের বেকার ভাতা, মাতৃত্ব, অসুস্থতাজনিত ভাতা ইত্যাদি) পেতে হলে নিয়মিত চাকরি এবং নিয়োগকর্তার দ্বারা INPS [ইটালিয়ান ন্যাশনাল ইনস্টিটিউট ফর সোশ্যাল সিকিউরিটি]-এ সামাজিক সুরক্ষাজনিত অবদান রাখা বাধ্যতামূলক।

আমাদের সাথে যোগাযোগ করুন:

- আবাসন পারমিট
- আন্তর্জাতিক সুরক্ষা (আশ্রয়)
- রূপান্তর

বিনামূল্যে সেবা

স্থানীয় শাখা – FLAI CGIL Treviso

ট্রেভিসো
ভিয়া ডান্দোলো, ৪ ৩১১০০ ট্রেভিসো | শুক্রবার

ভালদোবিয়াদেনে
ভিয়া মাজ্জিনি, ১৩ ৩১০৪৯ ভালদোবিয়াদেনে | সোমবার ও বৃহস্পতিবার

মন্তেবেল্লুনা
পিয়াচ্চা প্যারিজি, ১৪ ৩১০৪৪ মন্তেবেল্লুনা | বুধবার

কাস্তেলফ্রাঙ্কো
পিয়াচ্চা ইউরোপা ইউনিটা, ৫৫ ৩১০৩৩ কাস্তেলফ্রাঙ্কো ভেনেতো | মঙ্গলবার

ওনে দি ফোন্তে
পিয়াচ্চা ওনে, ১৮ ৩১০১০ ফোন্তে | বুধবার

পিয়েভে দি সোলিগো
ভিয়া চিসিনি, ৬৬/২ ৩১০৫৩ পিয়েভে দি সোলিগো | সোমবার

কোনেগ্লিয়ানো
ভিয়ালে ভেনেজিয়া, ১৪/বি ৩১০১৫ কোনেগ্লিয়ানো | বুধবার

ভিত্তোরিও ভেনেতো
ভিয়া ভার্জিলিও, ৪৮ ৩১০২৯ ভিত্তোরিও ভেনেতো | সোমবার

ওদেরৎসো
ভিয়া জানুসসো, ৪ ৩১০৪৬ ওদেরৎসো | বৃহস্পতিবার

Diritti in CAMPO

**Brigate
del Lavoro**

BENGALESE



FLAI CGIL Treviso
নাল সঁথরক বট

+39 3421991066
(সরিহ Whatsapp সুনৈ)



QR বঁড সবঁন বট

হযে রে ন্হাটব্বারী অউ সঁথরক ন্হাটব্বারী লই



**SINDACATO
DI STRADA**
unionatcorner



FLAI CGIL Treviso
Via Dandolo, 4 Treviso
flai.treviso@flai.it

FLAI-CGIL হল ইটালির কৃষি-খাদ্য শ্রমিকদের সবচেয়ে বড় শ্রমিক ইউনিয়ন। আমাদের মূল লক্ষ্য হলো সকল শ্রমিকের সুরক্ষা ও যত্ন সুনিশ্চিত করা। আমাদের সাথে যোগাযোগ করলেই আপনি আপনার অধিকার সম্পর্কে যথাযথ তথ্য পেয়ে যাবেন। আমরা আপনার কাজের চুক্তি পরীক্ষা করি এবং যাচাই করি যে আপনার নিয়োগকারী আপনার সামাজিক সুরক্ষা সংক্রান্ত দায়িত্ব পালন করছেন কিনা। আমরা আইনি সহায়তা প্রদান করি, আপনার বাসস্থান সংক্রান্ত অনুমতির প্রক্রিয়া সম্পন্ন করি এবং সেইসাথে আপনার কাজ সংক্রান্ত সমস্ত বিষয়, বিভিন্ন সুবিধা যেমন বেকার ভাতা, অসুস্থতা ভাতা এবং শিশুকেন্দ্রিক ভাতাগুলি পরিচালনা করি।

অবৈধ শ্রম দালালি (ক্যাপোরালিটিক) সংক্রান্ত নির্ধাতন ও শোষণমূলক শ্রমের বিরুদ্ধে আইন 199/2026

আইন 199/2016 হলো শোষণমূলক শ্রম এবং অবৈধ শ্রম দালালি (ক্যাপোরালিটিক) সংক্রান্ত নির্ধাতন প্রতিরোধের প্রধান হাতিয়ার। এই আইনের মাধ্যমে যেকোনও নিয়োগকর্তাকে শাস্তি দেওয়া যাবে, যারা শ্রমিকদের প্রয়োজনের সুযোগ নিয়ে কাজের সময় শোষণ করেন, এমনকি অবৈধ শ্রম দালালি হলেও।

যদি আপনি সন্দেহ করেন যে আপনার নিয়োগকর্তা:

- আপনাকে চুক্তি অনুযায়ী উপযুক্ত বেতন দেন না
- আপনাকে প্রতিদিন অতিরিক্ত কাজ করান এবং আপনার বিশ্রামের সময় বা ছুটির তোয়াক্কা করেন না
- কর্মক্ষেত্রে আপনার নিরাপত্তার বিষয়ে উদাসীন
- আপনাকে নীচু মানের কাজ ও বসবাসের অবস্থায় রাখেন, বিশেষ করে বাসস্থানের ক্ষেত্রে

অবিলম্বে নিকটতম FLAI-CGIL শাখায় যোগাযোগ করুন।

আমরা যথাযথ সহায়তা প্রদান করব এবং আপনার অধিকার সুরক্ষিত রাখার বিষয়টি নিশ্চিত করব।

FIIMI-EBAT কর্তৃক প্রদত্ত সুবিধাসমূহ

অসুস্থতাজনিত ভাতা; দুর্ঘটনাজনিত ভাতা; নার্সারি, প্রি-স্কুল, মিডল স্কুল, হাই স্কুল, বিশ্ববিদ্যালয়, গ্রীষ্মকালীন ক্যাম্প, বিশেষজ্ঞ পরামর্শ এবং বিশেষায়িত চিকিৎসা পরিষেবার জন্য আর্থিক সহায়তা।

অসুস্থতা: INPS / ইটালিয়ান ন্যাশনাল ইনস্টিটিউট ফর সোশ্যাল সিকিউরিটি কর্তৃক প্রদত্ত অর্থের অতিরিক্ত আর্থিক সহায়তা, যা অসুস্থতাজনিত ছুটির সময়সাপেক্ষে বেতনের সর্বোচ্চ 80% বা 100% পর্যন্ত হতে পারে।

দুর্ঘটনা/আঘাত: Inail / ইটালিয়ান ন্যাশনাল ইনস্টিটিউট ফর ইন্স্যুরেন্স এগেইনস্ট অ্যাক্সিডেন্টস অ্যান্ড ওয়ার্ক কর্তৃক প্রদত্ত অর্থের অতিরিক্ত আর্থিক সহায়তা, যা দুর্ঘটনা-সংক্রান্ত অসুস্থতাজনিত ছুটির পুরো সময়কাল ধরে বেতনের সর্বোচ্চ 100% পর্যন্ত হতে পারে।

মাতৃত্ব ও পিতৃত্ব: প্রতিটি সন্তানের জন্য বাবা-মায়ের মধ্যে একজনকে এককালীন €1,000.00 দেওয়া হয়।

নার্সারি স্কুল, প্রি-স্কুল এবং মিডল স্কুলের জন্য আর্থিক সহায়তা প্রদত্ত অর্থের পরিমাণ নিম্নরূপ:

- প্রতি শিক্ষাবর্ষে উপস্থিতির জন্য নার্সারি স্কুলের ভাতা €700.00;
- প্রতি শিক্ষাবর্ষে উপস্থিতির জন্য প্রি-স্কুলের ভাতা €300.00;
- শুধুমাত্র প্রথম শিক্ষাবর্ষের জন্য মিডল স্কুলের ভাতা €100.00.

গ্রীষ্মকালীন ক্যাম্প: গ্রীষ্মকালীন ক্যাম্পের জন্য আর্থিক সহায়তা €200.00.

হাই স্কুল – প্রদত্ত অর্থের পরিমাণ নিম্নরূপ:

- হাই স্কুলের 1st বর্ষে ভর্তি হওয়ার জন্য €300.00;
- হাই স্কুলের (কৃষিতে বিশেষায়িত) 1st বর্ষে ভর্তি হওয়ার জন্য €500.00;
- হাই স্কুলের 2nd, 3rd, 4th ও 5th বর্ষে প্রতি বছর €250.00.

বিশ্ববিদ্যালয় – প্রদত্ত অর্থের পরিমাণ নিম্নরূপ:

- প্রতি শিক্ষাবর্ষে উপস্থিতির জন্য €1,000.00;
- কর্মরত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রতি শিক্ষাবর্ষে উপস্থিতির জন্য €1,200.00;
- কৃষি-সম্পর্কিত ডিগ্রির জন্য €1,500.00. উপরের এককালীন অর্থ ডিগ্রি সার্টিফিকেট দেখানোর ভিত্তিতে দেওয়া হবে।

বিশেষজ্ঞ পরিদর্শন ও বিশেষায়িত চিকিৎসা পরিষেবা: কর্মী ও তাদের উপর নির্ভরশীল পরিবারের সদস্যদের জন্য বিশেষজ্ঞ পরিদর্শন এবং চিকিৎসা পরিষেবায় 40% ফেরত প্রদান করা হয়। নিম্নলিখিত খরচগুলো অন্তর্ভুক্ত:

- রোগীর দ্বারা প্রদত্ত স্বাস্থ্যসেবা ফি;
- বিশেষজ্ঞ পরিদর্শন ও ডায়াগনস্টিক পরীক্ষা;
- নিরপেক্ষ চিকিৎসকের বিশেষজ্ঞ পরিদর্শন;
- যন্ত্রপাতি ব্যবহার করে পরীক্ষা;
- ল্যাবরেটরিত পরীক্ষা;
- এক্স-রে পরীক্ষা;
- রক্ত পরীক্ষা;
- ইটালিয়ান NHS-এর অ্যাক্সিলিয়েশন পাওয়া প্রতিষ্ঠানে কাইনেসিওথেরাপি সেশন।



কৃষি শ্রমিকদের জন্য স্বাস্থ্যসেবা ফান্ড

আপনি কি আপনার সক্ষমতার 15%-এর বেশি স্থায়ী কর্মে অক্ষমতার শিকার হয়েছেন?

প্রতিদিন সর্বোচ্চ €200,00 (গত বছরের মোট কাজের দিনের সীমার মধ্যে)

• আপনি কি চলতি বছরে হাসপাতালে ভর্তি হয়েছেন?

প্রতিদিন ন্যূনতম €40,00 / সর্বোচ্চ €60,00

• আপনি কি বাবা বা মা হয়েছেন?

প্রসবজনিত হাসপাতালে ভর্তির জন্য প্রতিদিন ন্যূনতম €40,00 / সর্বোচ্চ €60,00

• আপনি কি বিশেষজ্ঞের কাছে পরীক্ষা করিয়েছেন?

প্রতি বছরে সর্বোচ্চ €300,00

• আপনি কি রক্ত পরীক্ষা করিয়েছেন?

প্রতি বছরে সর্বোচ্চ €200,00

• আপনি কি অর্থোপেডিক প্রস্টেটিকস বা শ্রবণযন্ত্র কিনেছেন?

প্রতি বছরে সর্বোচ্চ €1000,00

• আপনি কি কোনও আঘাত পেয়েছেন এবং রিহ্যাবিলিটেশন ফিজিওথেরাপি বা দাঁতের চিকিৎসা করিয়েছেন?

প্রতি বছরে সর্বোচ্চ €1000,00

সরাসরি নিকটতম FLAI-CGIL ডেস্কে যান। আমরা আপনাকে আপনার প্রাপ্য সুবিধাগুলি সম্পর্কে বিস্তারিত জানাব